

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শুঞ্জলা অধিশাখা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৬৫.১৯-৩৮৮

তারিখঃ ০৬ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ  
২২ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডা. তাপস আহমেদ (১০৯৬৩৬), সহকারী রেজিস্ট্রার, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা; বর্তমানে পরিচালক (স্বাস্থ্য)-এর কার্যালয়, ঢাকা বিভাগে ন্যায় গত ১০.০৬.২০১৫ খ্রি. হতে ০৯.০৫.২০১৯ খ্রি. পর্যন্ত মোট তিন বছর দশ মাস উনত্রিশ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু ডা. তাপস আহমেদের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা রুজু করে স্বাস্থ্য সেবা বিভাগের ০৫.০৮.২০১৯ খ্রি. তারিখের ৪১১ স্মারকমূলে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু উক্ত নোটিশের প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি এবং অভিযোগ তদন্ত করার জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক উক্ত অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে মর্মে মতামতসহ প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে ডা. তাপস আহমেদকে চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তাকে চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হলে কমিশন উক্ত সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করে; এবং

যেহেতু উক্ত কর্মকর্তাকে চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক ডা. তাপস আহমেদকে তার অননুমোদিত অনুপস্থিতি শুরুর তারিখ ১০.০৬.২০১৫ খ্রি. থেকে চাকুরি হতে বরখাস্ত করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২২. ১০. ২০২০

(মো. আবদুল মান্নান)


সচিব

নং- ৪৫.০০.০০০০.১২২.২৭.০৬৫.১৯৩৮৮/১(৩৫)

তারিখঃ ২২.১০.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা
- ৬। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
- ৯। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি স্বাস্থ্য সেবা বিভাগের শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের অনুরোধসহ}
- ১০। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)
- ১১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
- ১৩। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
- ১৪। ডা. তাপস আহমেদ (১০৯৬৩৬), সহকারী রেজিস্ট্রার, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা; বর্তমানে পরিচালক (স্বাস্থ্য)-এর কার্যালয়, ঢাকা বিভাগে ন্যস্ত
- ১৫। অফিস কপি

  
২২.১০.২০২০  
(মোঃ শাহাদত হোসেন কবির)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
[disc@hsd.gov.bd](mailto:disc@hsd.gov.bd)



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.১০৮.২০২০-৩৮৯

তারিখঃ ২২.১০.২০২০ খ্রি.

বিষয়: ডা. মোঃ শহিদুল আলম (৩৯৭৫৭), সিনিয়র কনসালটেন্ট (অর্থোপেডিক সার্জারি), কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা

বিভাগীয় মামলা নং .....৭৯/২০২০

অভিযোগনামা

যেহেতু আপনি ডা. মোঃ শহিদুল আলম (৩৯৭৫৭), সিনিয়র কনসালটেন্ট (অর্থোপেডিক সার্জারি), কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য মূল প্রকাশনা হিসেবে দিনাজপুর মেডিকেল কলেজ জার্নালের July 2015, Vol-8, No-2 সংখ্যায় প্রকাশিত 'Evaluation of Treatment of Intra Articular Fracture of Distal End of Radius By UMEX, A Uniplanner Bilateral Mini External Fixator' নামের একটি নিবন্ধ আপনার লেখা না হওয়া সত্ত্বেও অবৈধভাবে নিজের লেখা হিসেবে দাবি করেছেন;

যেহেতু আপনি জালিয়াতির মাধ্যমে ছয় জন লেখকের পরে সাত নম্বরে নিজের নাম প্রতিস্থাপন করে উক্ত নিবন্ধের একটি ভূয়া কপি তৈরি করেছেন এবং মূল বই ও সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রাপ্ত জার্নালের কপি যাচাই করে বিষয়টি নিশ্চিত করা হয়েছে;

যেহেতু আপনি উপরোল্লিখিত মিথ্যা তথ্য দিয়ে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য স্বাস্থ্য সেবা বিভাগে আবেদন করেছেন;

যেহেতু আপনার উপর্যুক্ত কর্মকান্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল। একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

২২.১০.২০২০  
(মো. আবদুল মান্নান)  
সচিব

ডা. মোঃ শহিদুল আলম (৩৯৭৫৭)

সিনিয়র কনসালটেন্ট (অর্থোপেডিক সার্জারি)

কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.১০৮.২০২০-৩৮৯/১(৭০)

তারিখঃ ২২.১০.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানার যথাযথভাবে জারি করে জারীকৃত প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার সিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)

- ৪। অধ্যক্ষ, কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। অফিস কপি

২২.১০.২০২০  
(মোঃ শাহাদত হোসেন কবির)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
disc@hsd.gov.bd


## অভিযোগ বিবরণী

আপনি ডা. মোঃ শহিদুল আলম (৩৯৭৫৭), সিনিয়র কনসালটেন্ট (ডার্থোপেডিক সার্জারি), কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য মূল প্রকাশনা হিসেবে দিনাজপুর মেডিকেল কলেজ জার্নালের July 2015, Vol-8, No-2 সংখ্যায় প্রকাশিত 'Evaluation of Treatment of Intra Articular Fracture of Distal End of Radius By UMEX, A Uniplaner Bilateral Mini External Fixator' নামের একটি নিবন্ধ আপনার লেখা না হওয়া সত্ত্বেও অবৈধভাবে নিজের লেখা হিসেবে দাবি করেছেন;

আপনি জালিয়াতির মাধ্যমে ছয় জন লেখকের পরে সাত নম্বরে নিজের নাম প্রতিস্থাপন করে উক্ত নিবন্ধের একটি ভূয়া কপি তৈরি করেছেন এবং মূল বই ও সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রাপ্ত জার্নালের কপি যাচাই করে বিষয়টি নিশ্চিত করা হয়েছে;

আপনি উপরোল্লিখিত মিথ্যা তথ্য দিয়ে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য স্বাস্থ্য সেবা বিভাগে আবেদন করেছেন;

আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যকলাপ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
22. ১০. ২০২০  
(মো. আবদুল মান্নান)  
সচিব